

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অমুসলিমদের সালামের জবাব

অমুসলিমরা যদি আমাদেরকে প্রথমে সালাম দেয়, তাহলে তার উত্তর দেওয়া আমাদের জন্য ওয়াজেব হবে। যেহেতু সাধারণভাবেই আল্লাহ বলেন, "যখন তোমাদেরকে অভিবাদন করা হয়, তখন তোমরাও তা অপেক্ষা উত্তম অভিবাদন করবে অথবা ওরই অনুরূপ উত্তর দেবে। (সূরা নিসা-৪:৮৬)

ইয়াহুদীরা রাসুল (ﷺ) কে সালাম দিত; বলত, 'আস্সা-মু আলাইকা ইয়া মুহাম্মাদ! (তোমার উপর মৃত্যু বর্ষণ হোক, হে মুহাম্মাদ!)' 'আসসা-ম' এর অর্থ মৃত্যু। তারা রাসুল (ﷺ) কে মৃত্যুর বদ্দুআ দিত। তাই রাসুল (ﷺ) বললেন, "ইহুদীরা বলে, 'আসসা-মু আলাইকুম।' সুতরাং ওরা যখন তোমাদেরকে সালাম দেবে তখন তোমরা তার উত্তরে বল, 'অ আলাইকুম।"

অতএব কোন অমুসলিম যখন মুসলিমকে সালাম দিয়ে বলে, 'আসসা-মু আলাইকুম,' তখন আমরা তার উত্তরে বলব, 'অ আলাইকুম।' উপরস্তু তাঁর উক্তি 'অ আলাইকুম' এই কথার দলীল যে, যদি ওরা 'তোমাদের উপর সালাম' বলে, তাহলে তাদের উপরেও সালাম। সুতরাং ওরা যেমন বলবে আমরাও ওদেরকে তেমনি বলব। এই জন্য কতক উলামা বলেছেন যে, ইয়াহুদী, খ্রিষ্টান বা অন্য কোন অমুসলিম যখন স্পষ্ট শব্দে 'আসসালামু আলাইকুম' বলবে তখন আমাদের জন্য 'অ আলাইকুমুস সালাম' বলে উত্তর দেওয়া বৈধ হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7983

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন